

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)

স্মারক নং: মাউশি/সেসিপ/পিএফ/১-২০ ডিও/২৭০

তারিখ: ২৬/০৬/২০১৬

শ্রদ্ধাঞ্জলি/শ্রদ্ধাঞ্জলি/শ্রদ্ধাঞ্জলি

আমার সশ্রদ্ধ অভিবাদন জানবেন। আগামী ২৯ জুন ২০১৬ আমার সরকারি চাকুরী জীবনের পরিসমাপ্তি ঘটবে। প্রায় ৩৪ বছরের পথপরিক্রমায় আপনাদের সহযোগিতা এবং আন্তরিকতার জন্য আমি কৃতজ্ঞ এবং এজন্য আমি আপনাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

গত ফেব্রুয়ারি ২০০৯ তারিখে আমি SESDP এর প্রকল্প পরিচালক হিসাবে যোগদান করি এবং এরই ধারাবাহিকতায় SESIP এর যুগ্ম প্রোগ্রাম পরিচালক হিসাবে ২৬.০৬.২০১৬ পর্যন্ত কাজ করেছি। আমার চাকুরী জীবনে একই স্টেশনে এটি দীর্ঘতম সময়। এই দীর্ঘ পথপরিক্রমায় SESDP এবং SESIP এর সকল সহকর্মীর সহযোগিতা ও আন্তরিকতায় আমি মুগ্ধ ও কৃতজ্ঞ। সরকারি দায়িত্ব পালন করতে গিয়ে কারো যদি মনঃকষ্টের কারণ হয়ে থাকি তবে বিদায়বেলায় তা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য বিনীত অনুরোধ করছি।

আপনাদের সকলের মঙ্গল কামনা করছি এবং সকলের দোয়া/ আশীর্বাদ চাইছি।

শ্রদ্ধাঞ্জলি

স্বাক্ষরিত  
২৬.০৬.২০১৬  
রতন কুমার রায় ( অতিরিক্ত সচিব )  
যুগ্ম প্রোগ্রাম পরিচালক